

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা ও টাঙ্গাইলে মোবাইল কোর্টে ২৭ লক্ষ ১৬ হাজার টাকা জরিমানা আদায় ও প্রায় ১৫ কেজি পলিথিন জব্দ করেছে। এছাড়াও সেন্টমার্টিন দ্বীপে সমস্ত নির্মাণ কার্যক্রম বন্ধ করে দেয়া হয়েছে।

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ০৯/০২/২০২২ তারিখ পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর এর বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব কাজী তামজীদ আহমেদ এর নেতৃত্বে ঢাকা মহানগরে নির্মাণসামগ্রী রাস্তায় খোলা অবস্থায় রাখার অপরাধে ১টি প্রতিষ্ঠানকে ১০ হাজার টাকা এবং ২ টি প্রতিষ্ঠানকে ৬ হাজার টাকা জরিমানা আদায় ও প্রায় ১৫ কেজি পলিথিন জব্দ করা হয়; এছাড়াও টাঙ্গাইলের মধুপুর উপজেলায় পরিবেশ অধিদপ্তর, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহযোগিতায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব ফয়জুল্লাহ আক্তার এর নেতৃত্বে ০৭ (সাত) টি অবৈধ ইটভাটা থেকে ২৭ লক্ষ টাকা জরিমানা আদায় এবং ১ (এক) টি ভাটা সম্পূর্ণরূপে ভেঙে দেয়া হয়; কক্সবাজারের সেন্টমার্টিনে পরিবেশ অধিদপ্তর, কক্সবাজার জেলা কার্যালয়ের সহযোগিতায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব সাঈদা পারভীন এর নেতৃত্বে দ্বীপটিতে সমস্ত নির্মাণ কার্যক্রম বন্ধ করে দেয়া হয়েছে।

পরিবেশ অধিদপ্তরের পরিবেশ দূষণ বিরোধী অভিযান অব্যাহত থাকবে।

তারিখঃ ০৯/০২/২০২২ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(মোঃ রেজুওয়ান ইসলাম)

সহকারী পরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোঃ)